৩৬৪

দৈনিক সংবাদ

তারিখ MAR. 9 1999
পৃষ্ঠা 2 কলাম ৭

## শিক্ষা ও শিক্ষক বিষয়ক কর্মশালা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

সমসাময়িক মাধ্যমিক শিক্ষা ও শিক্ষক বিষয়ক ৫ দিনব্যাপী এক কর্মশালা গতকাল সোমবার ঢাকায় শুরু হয়েছে।

জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির চেয়ারম্যান অধ্যাপক শামসুল হক এ কর্মশালার উদ্বোধন করেন। সিরডাপ মিলনায়তনে এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইউরোপিয়ান কমিশনের প্রতিনিধি ক্যালেজ লিগন। সভাপতিত্ব করেন অধ্যাপিকা নাইয়ার সুলতানা।

শিক্ষা মন্ত্রণালয় ও ইউরোপিয়ান কমিশনের সহযোগিতায় এ কর্মশালার আয়োজন করেছে প্রমোট। কর্মশালায় শিক্ষক, শিক্ষাবিদ ও এনজিওকর্মী অংশ নিচ্ছেন। আগামী ১২ই মার্চ এ কর্মশালা শেষ হবে।